

উপ-পুলিশ (প্রশাসন) / (বিভাগ)

১৯/৬/২১

১৯/৬/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ হেডকোয়ার্টার্স  
পবাপাড়া, সপুরা, রাজশাহী- ৬২০৩  
www.rmp.gov.bd



স্মারক নং- আরএমপি/ইএন্ডডি/ জমি/১০-৫৪/২০১৮/ ৩৭২  
প্রতি

তারিখ- ২৯/৬/২০২১ খ্রিঃ।

পরিচালক  
নগর উন্নয়ন অধিদপ্তর  
সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

**বিষয় :** রাজশাহী মেট্রোপলিটন পুলিশের কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য জমি অধিগ্রহণ সংক্রান্তে অনাপত্তি পত্র প্রসঙ্গে।

**সূত্র :** ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, পুলিশ-৫ শাখা, ঢাকার স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৮.৩২.০০১.১৯.১৪০ তারিখ-১৪/৬/২০২১ খ্রিঃ  
২। পুলিশ হেডকোয়ার্টার্স ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.৯৮৩.০৭.০৬০-২০২০/৫২৯ তারিখ-১৬/৬/২০২১ খ্রিঃ

উপরোল্লিখিত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী'র কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য গোয়ালপাড়া মৌজার জেএল নং-৫২, আরএস খতিয়ান নং-৫৮, আরএস দাগ নং-২৪৯ হতে ০.৭৫ (শূন্য দশমিক সাত পাঁচ) একর ব্যক্তি মালিকানাধীন জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। ভূমি অধিগ্রহণের প্রস্তাব জেলা প্রশাসক, রাজশাহী বরাবরে প্রেরণের জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ অনুযায়ী উল্লিখিত মৌজার ব্যক্তি মালিকানাধীন জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রয়োজন।

এমতাবস্থায়, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী'র কাশিয়াডাঙ্গা থানা ভবন ও ফোর্সের ব্যারাক নির্মাণের জন্য ০.৭৫ (শূন্য দশমিক সাত পাঁচ) একর ব্যক্তি মালিকানাধীন জমি পুলিশ বিভাগের অনুকূলে অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

- ১। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পত্রের কপি -০১ পাতা।
- ২। মৌজা নক্সা -০১ পাতা।
- ৩। লে-আউট প্ল্যান -০১ পাতা।
- ৪। জমির ন্যূনতম চাহিদাপত্রের কপি -০১ পাতা।
- ৫। প্রস্তাবিত জমি'র বিষয়ে মামলা সংক্রান্তে প্রত্যয়ন পত্র-০২ পাতা।
- ৬। ওরিজিনাল মৌজা ম্যাপে ভূমি অধিগ্রহণের প্রস্তাবিত ভূমি চিহ্নিত নকশা- ০১কপি।

স্মারক নং- আরএমপি/ইএন্ডডি/ জমি/১০-৫৪/২০১৮/ ৩৭২/২(৩)

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১। উপ-পুলিশ কমিশনার(সদর/কাশিয়াডাঙ্গা), আরএমপি, রাজশাহী।
- ২। অফিসার ইনচার্জ, কাশিয়াডাঙ্গা থানা, আরএমপি, রাজশাহী।

Abdullah  
২৯/০৬/২০২১  
(মুহম্মদ আব্দুর রকিব, পিপিএম)

বিপি নং-৭৯০৬১০৯২৪০

উপ-পুলিশ কমিশনার (এস্টেট অ্যান্ড ডেভেলপমেন্ট)  
পক্ষে পুলিশ কমিশনার  
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ  
রাজশাহী।

তারিখ- ২৯/৬/২০২১ খ্রিঃ।

Abdullah  
২৯/০৬/২০২১  
(মুহম্মদ আব্দুর রকিব, পিপিএম)

বিপি নং-৭৯০৬১০৯২৪০

উপ-পুলিশ কমিশনার (এস্টেট অ্যান্ড ডেভেলপমেন্ট)  
পক্ষে পুলিশ কমিশনার  
রাজশাহী মেট্রোপলিটন পুলিশ  
রাজশাহী।